# জাতীয় বিশ্ববিদ্যালয়

## বাংলাদেশ

## পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর

### অনার্স ১মবর্ষ পরীক্ষা-২০২৪

### হাজিরাপত্র, OMR, উত্তরপত্র বান্ডেল প্রস্তুতকরণ ও প্রেরণের নির্দেশাবলী:

**✱ হাজিরাপত্র পূরণ, প্রস্তুত ও প্রেরণ:**

বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রকাশিত পরীক্ষার্থীদের বিবরণী অনুযায়ী সকল পরীক্ষার্থীর হাজিরাপত্র তৈরী করে অনলাইনে পাঠানো হবে এবং বিবরণীতে উল্লেখিত পরীক্ষার্থীর নাম, রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, শিক্ষাবর্ষ, বিষয় ও পত্রকোড হাজিরাপত্রে লেখা থাকবে। পরীক্ষার সময়সূচি অনুযায়ী বিষয় ও পত্রকোড মিলিয়ে উত্তরপত্রের ক্রমিক নং যথাযথভাবে লিখেছে কি না তা যাচাই করে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ছবির সাথে তার চেহারার মিল আছে কি না, তা যাচাই করে হাজিরাপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। পরীক্ষার্থী OMR ফরমে তার **রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর এবং বিষয়কোড যথাযথভাবে লিখেছে কি না এবং সঠিকভাবে বৃত্ত ভরাট করছে** কি না তা যাচাই করে অত:পর কক্ষ পরিদর্শক উত্তরপত্রে তার জন্য নির্ধারিত স্থানে এবং হাজিরাপত্রে স্বাক্ষর করবেন। কোন অবস্থাতেই একজন পরীক্ষার্থীর জন্য **একাধিক হাজিরাশীট তৈরী** করা যাবে না। সকল পরীক্ষা শেষ হওয়ার পর ০৭ (সাত) দিনের মধ্যে হাজিরাপত্র বই আকারে বাইন্ডিং করে সংশ্লিষ্ট শাখায় অবশ্যই জমা দিতে হবে। বহিষ্কৃত পরীক্ষার্থীর হাজিরাপত্রে লালকালিতে **"বহিস্কৃত"** শব্দ লিখতে হবে। **বহিষ্কৃত পরীক্ষার্থীর Report এ বহিষ্কারের কারণ স্পস্টভাবে লিখতে হবে। নকল করলে আলামত এবং উত্তরপত্রে লিখলে নকল এবং আলামতে লাল কালি দিয়ে আন্ডার লাইন করে উত্তরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।** অনুরূপভাবে অনুপস্থিত পরীক্ষার্থী যে বিষয় ও পত্রে অনুপস্থিত থাকবে সে বিষয় ও পত্রে লালকালিতে **"অনুপস্থিত"** লিখে কক্ষ পরিদর্শক স্বাক্ষর করবেন।(বহিষ্কার সংক্রান্ত বিস্তারিত নীতিমালা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.ac.bd এ পাওয়া যাবে।) **হাজিরাপত্রে উত্তরপত্রের ক্রমিক নম্বর সঠিকভাবে না লিখলে ঐ কোর্স অনুপস্থিত দেখিয়ে ফলাফল প্রকাশ করা হবে।**

**✱ OMR ফরম ছেঁড়া, প্রস্তুত ও প্রেরণ:**

উত্তরপত্রের কভার পৃষ্ঠার অর্থাৎ OMR ফরমের প্রথম অংশসমূহ পরীক্ষা শেষে খুব সাবধানতার সাথে ও সঠিকভাবে বিচ্ছিন্ন করতে হবে। প্রতি বিষয় ও পত্রের উত্তরপত্রের কভার পৃষ্ঠার ছেঁড়া অংশ অনূর্ধ ২০০ (দুইশত) টি করে রোল নম্বরের ক্রমানুযায়ী সাজিয়ে করোগেটেড বক্স ব্যবহার করে প্যাকেট করতে হবে। **রোল, রেজিস্ট্রেশন নম্বর অথবা বিষয়কোড লিখতে ভুল হলে তা একটানে কেটে সঠিকভাবে লিখতে হবে। বৃত্ত ভরাটে ভুল হলে তা ইরেজার দ্বারা ঘষা মাজা না করে, ব্লেড দ্বারা না মুছে বা সাদা ফ্লুইড না লাগিয়ে সঠিকভাবে ভরাট করতে হবে। এরূপ ক্ষেত্রে একই সারিতে একাধিক বৃত্ত ভরাট থাকতে পারে। উল্লেখ্য ভুলকৃত OMR গুলো আলাদাভাবে সাজানো বা আলাদাভাবে প্যাকেট করার প্রয়োজন নেই। তৈরীকৃত প্যাকেট পলিথিন শীট দিয়ে মুড়িয়ে বেগুনি মার্কিন কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করে তারিখ অনুযায়ী কেন্দ্রে সংরক্ষণ করতে হবে** (সংশ্লিষ্ট পরীক্ষার OMR পরীক্ষার্থীর অংশ (E-Type) সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার ফলাফল প্রকাশের পর ০৬ (ছয়) মাস পর্যন্ত সীলগালা অবস্থায় সংরক্ষণ করতে হবে। পূর্বের ন্যায় জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর ক্যাম্পাসে বা আঞ্চলিক কেন্দ্রে প্রেরণের প্রয়োজন নাই। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে চাহিদা প্রাপ্তি সাপেক্ষে OMR পরীক্ষার্থীর অংশ (E-Type) প্রেরণ করতে হবে।

**✱ উত্তরপত্রের বান্ডেল (Bundle) প্রস্তুত ও প্রেরণ:**

ক) তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র বিষয় ও কোর্সওয়ারী পৃথক পৃথকভাবে অনধিক ৫০ (পঞ্চাশ) টি করে সাজিয়ে তা ০২টি করোগেটেড শীটের (একটি নিচে অপরটি উপরে) ভিতরে রাখতে হবে। অতঃপর প্রতিটি বান্ডেলের জন্য একটি করে বান্ডেল লেবেল প্রস্তুত করে বান্ডেলের উপরের করোগেটেড শীটে আঠা দিয়ে বান্ডেল লেবেল লাগিয়ে বান্ডেলটি শক্ত সুতলী দিয়ে বেঁধে উত্তরপত্রের বান্ডেল তৈরী করতে হবে। অতঃপর **বান্ডেল/বান্ডেলসমূহ একত্রে পলিথিন শীট দিয়ে মুড়িয়ে বেগুনি রং এর কাপড় দিয়ে চূড়ান্ত প্যাকেট তৈরী করে গালাসীল করতে হবে।** প্রতিটি প্যাকেটের বহিরাবরণে সুস্পষ্টভাবে অবশ্যই **পরীক্ষা কোড-২২০১** উল্লেখ করতে হবে। **বান্ডেল লেবেল অনুযায়ী প্যাকেটে সঠিক বিষয়ের/পত্র কোড উত্তরপত্র ও সংখ্যা সঠিক আছে কিনা তা যাচাই করে দেখা জরুরী।**

খ) প্রতি বিষয় ও প্রতি পত্রের পরীক্ষা শেষ হওয়ার সাথে সাথে উত্তরপত্রের বান্ডেলের কাজ সম্পন্ন করে ঐদিনই উত্তরপত্রের প্যাকেট **জনাব মোঃ আব্দুস সামাদ, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), অনার্স ১মবর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** ঠিকানায় ডাকযোগে এনসিওরড (Ensured) পার্সেলে পাঠাতে হবে। **বাংলাদেশ রেলওয়েতে কোন অবস্থাতেই উত্তরপত্র প্রেরণ করা যাবে না।** প্রয়োজনে সাপ্তাহিক ছুটির দিন ও অফিস ছুটির পরে পোস্ট অফিস খোলা রাখার জন্য ডাক বিভাগের মহাপরিচালককে অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাকে স্থানীয় পোস্ট মাস্টারের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। বাস্তব কোন কারণে উত্তরপত্র পরীক্ষা গ্রহণের দিন উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠানো সম্ভব না হলে নিয়মানুযায়ী থানা/ট্রেজারীতে সংরক্ষণ করতে হবে। কোন অবস্থাতেই কেন্দ্রে রাখা যাবে না।

গ) বহিষ্কৃত উত্তরপত্র আলাদাভাবে করোগেটেড শীট ও সাদা কাপড় দিয়ে মুড়িয়ে গালাসীল করে **জনাব মোঃ আব্দুস সামাদ, অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), অনার্স ১মবর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪** এ ঠিকানায় প্রেরণ করতে হবে। প্যাকেটের উপরে লালকালি দিয়ে **"বহিষ্কৃত"** শব্দটি লিখতে হবে। বহিষ্কৃত উত্তরপত্রের সাথে **Report** ফরম যথাযথভাবে পূরণ করে পাঠাতে হবে। **Report** ফরমে বহিষ্কারের কারণ সঠিক ও যথাযথভাবে লিখতে হবে। বহিষ্কার সংক্রান্ত বিধান এই সাথে সংযুক্ত করা হলো।

**✱ টপশীট প্রস্তুত ও সংরক্ষণ:**

ক) প্রতিদিনের পরীক্ষায় উপস্থিত, অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের বিবরণ উল্লেখপূর্বক প্রেরিত ফরমে এক কপি টপশীট তৈরী করে তা কলেজে সীলগালা অবস্থায় (পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়ার পর এক বৎসর পর্যন্ত) সংরক্ষণ করতে হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে কোন সময় তা যাচাইয়ের জন্য তলব করতে পারবে। **টপশীটের কপি পরীক্ষা নিয়ন্ত্রক বা অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক-এর বরাবরে প্রেরণের প্রয়োজন নেই।**

**✱ উত্তরপত্রের প্যাকেট বেগুনি রং এর কাপড় দিয়ে প্যাকেট করতে হবে। প্যাকেটের উপর পরীক্ষা কোড ২২০১ লিখতে হবে।**

**✱ সম্প্রতি উত্তর পত্রের বান্ডেল লেবেল এ উল্লিখিত বিষয়ের পরিবর্তে প্যাকেটের ভিতরের অন্য বিষয়ের উত্তরপত্র পাওয়া যায়। এ বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হ'ল।**

২৪/৮/২৪

(মোঃ এনামুল করিম)
পরীক্ষা নিয়ন্ত্রক
জাতীয় বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ।
মোবাইল: ০১৭১৩০৪৪৪৫৫
ই-মেইল: controller@nu.ac.bd

**উত্তরপত্র পাঠানোর ঠিকানাঃ**
জনাব মোঃ আব্দুস সামাদ
অতিরিক্ত পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
অনার্স ১মবর্ষ শাখা
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪